রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মহানগর দায়রা জজ ও সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা।**

**উপস্থিতঃ- জনাব কে. এম. ইমরুল কায়েশ,**
**মহানগর দায়রা জজ, ও**
**সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।**

## Permission Petition No. 60/2019

**আদেশ নং-০১ তাং- ২৪/০৪/২০১৯ ইং**

তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ তৌফিকুল ইসলাম, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং-০০.০১.০০০০.৫০১.০২.০৩.০০৩.১৯/১৩৯৬৭ তাং-০৯/০৪/১৯ খ্রিঃ, ও দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথী নং--০০.০১.০০০০.৫০১.০৩.০০৪.১৯ মূলে জনাব মোঃ আবজাল হোসেন, প্রাক্তন হিসাবরক্ষণ কর্মকর্তা, মেডিক্যাল এডুকেশন শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, বর্তমানে প্রশাসনিক কর্মকর্তা, ইনস্টিটিউশন অব হেলথ টেকনোলজি, মহাখালী, ঢাকা এবং তার স্ত্রী মিসেস রুবিনা খানম এবং তাদের স্বার্থ সংশ্লিষ্ট রহমান ট্রেড ইন্টারন্যাশনাল ও রূপ ফ্যাশনের নামে পরিচালিত দরখাস্তের সিডিউলে বর্ণিত ব্যাংকের হিসাবসমূহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪ ধারার অবরুদ্ধ (Freeze) করার প্রার্থনা করেন। দুদক পক্ষের বিজ্ঞ পিপি দরখাস্তটি (Seen) করিয়াছেন।

নথি শুনানির জন্য নেওয়া হল। দুর্নীতি দমন কমিশনের পক্ষে উপস্থিত বিজ্ঞ পিপি'র বক্তব্য শুনলাম। অবরুদ্ধকরণের প্রার্থনার মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪ ধারার অধীন আনীত দরখাস্ত পর্যালোচনা কর হইল। দরখাস্ত দৃষ্টে প্রতীয়মান হয় যে, দরখাস্তে বর্ণিত ব্যাংক হিসাবসমূহে রক্ষিত অর্থ যা অভিযুক্তদ্বয় কর্তৃক মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে বর্ণিত অপরাধের সাথে সম্পৃক্ত এবং বর্ণিত অস্থাবর সম্পত্তি (ব্যাংক হিসাবসমূহ) অবরুদ্ধ করা না হইলে উহা হস্তান্তর হওয়ার সমূহ সম্ভাবনা রহিয়াছে। বিজ্ঞ পিপি'র বক্তব্য ও দরখাস্তে বর্ণিত আবেদন বিবেচনায় দরখাস্তটি মঞ্জুরযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

অতএব,

আদেশ হয় যে,

নিম্ন তফসিলে বর্ণিত ব্যাংক হিসাবসমূহ এতদ্বারা অবরুদ্ধ (Freeze) করা হইল।



**মূল্য ঃ** টাকা ৪.০০

**<u>তফসিলে বর্ণিত ব্যাংক হিসাবসমূহ ঃ</u>**

(১) ট্রাস্ট ব্যাংক লিঃ, মহাখালী শাখা চলতি হিসাব নং-০০৭৪০২১০০০০৮২৯

(২) ট্রাস্ট ব্যাংক লিঃ, খুলনা শাখা চলতি হিসাব নং-০০৪০-০২১০০০৫০৫৭

(৩) ট্রাস্ট ব্যাংক লিঃ, দৌলতপুর শাখা চলতি হিসাব নং-০১০৩-০২১০০০১২৩৩ এবং

(৪) ট্রাস্ট ব্যাংক লিঃ, দৌলতপুর শাখা চলতি হিসাব নং-০১০৩-০১৪৬০০০৪২৮

৫. রূপালী ব্যাংক লিঃ, মহাখালী শাখার মোঃ আবজাল হোসেনের নামে সঞ্চয়ী হিসাব নং-৪৩০০১০০০৮৬২১ হিসাবটি সক্রিয় যাতে ১২·৬৭ কোটি টাকা জমা এবং ১২·৪৪ কোটি টাকা উত্তোলন পরবর্তীতে বর্তমান স্থিতি ৬৩৪৫৫·০০।

৬. শাহজালাল ইসলামী লিঃ, গুলশান শাখা, ঢাকার, রহমান ট্রেড ইন্টারন্যাশনাল এর নামে চলতি হিসাব নং-৪০০৪-১১১০০০০৫৫৯১।

৭. সিটি ব্যাংক লিঃ গুলশান এভিনিউ শাখার মোঃ আবজাল হোসেন, মিসেস রুবিনা খানম, রহমান ট্রেড ইন্টারন্যাশনাল এবং রূপ ফ্যাশন এর নামে বিভিন্ন সঞ্চয়ী, চলতি এফডিআর, লোন হিসাব কার্ড হিসাব পরিচালিত হচ্ছে। যাহার একাউন্ট নং সমূহ ২৯৩১৪৭৮৫৭৪০০১, ২৯৩১৪৭৮৩৬৭০০১, ১৪০১৪৮৮৯৩৩০০১, ১৪০১৪৮৮৯৪৪০০১, ২৯৩১৪৭৮৫৭৮০০১, ৪৭১১৪৭৮৫৭৮০০১, ৬৭৬১৪৭৮৫৭৮০০১, ৬৭৬১৪৭৮৫৭৮০০২, ৩৭১৫৯৮******৭৬৬ (আইডি-৭৪৯৯৫২), ৩৭৬৯৪৮******০৮৪ (আইডি-০৮৪), ৪৭৪৮৬৭******৩৭৪৭ (আইডি-৭৪৯৯৫২), ৩৭১৫৯৮******৫৩৫১ (আইডি-৫৯৩৯৩৮), ৩৭১৫৯৮******৭৮৩(আইডি-৫৯৩৯৪১)।

৮. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিঃ মোঃ আবজাল হোসেন এবং মিসেস রুবিনা খানমের যৌথনামে ও তাদের একক নামে সুপার সেভার্স, সুপার সেভার্স প্রিমিয়াম কার্ড হিসাব পরিচালনা করেন। যাহা গুলশান শাখার একাউন্ট নং সমূহ-১৮-১১৩২১৫৪-০১ ও ১৮-১১৩২১৫৫-০১ এবং ধানমন্ডি রোড নং-২ শাখার একাউন্ট নং-১৮-১১৬২৭৯৩-০১।

এতদ্বারা উল্লিখিত ব্যাংকের ম্যানেজারগণকে এই মর্মে আরও আদেশ প্রদান করা হইল যে, উক্ত হিসাব সমূহের উপর অবরুদ্ধকরণ (Freezing) আদেশ কার্যকর থাকা অবস্থায় অভিযুক্ত ব্যক্তিদ্বয় কর্তৃক প্রাপ্ত অর্থ তাহাদের অবরুদ্ধ হিসাবে জমা করা যাবে কিন্তু কোন অবস্থাতেই উত্তোলন করা যাইবে না।

অত্র আদেশ সরকারি গেজেটে প্রকাশসহ বহুল প্রচারিত দৈনিক সকালের সময় এবং The Daily Evening News পত্রিকায় প্রচারের নির্দেশ দেওয়া গেল।

**কে. এম. ইমরুল কায়েশ**
মহানগর দায়রা জজ,
ও
সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd